

কাজে যোগ দিনঃ

অলোচনার

পথ খোলা আছে

প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান ধর্মঘাটী সরকারী কলেজ শিক্ষকদের প্রতি কাজে যোগ দানের এবং যথা-সময়ে পরীক্ষা গ্রহণের আহ্বান জানান। তিনি তাঁদের আশ্বাস দেন যে আলোপ-আলোচনার দরজা সব সময় খোলা থাকবে।

বৃহস্পতিবার বাসসর সসে এক সাক্ষাৎকারে শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্ব-প্রাপ্ত প্রধানমন্ত্রী বলেন, আপীল কমিটি ইতিমধ্যেই তাঁদের দাবীর উল্লেখযোগ্য অংশ মেনে নিয়েছেন এবং বাকী অংশ ভবিষ্যতে বিবেচনা সাপেক্ষ রয়েছে।

প্রধানমন্ত্রী বলেন, অন্যান্য বিষয় নিয়ে আরো আলোচনা অব্যাহত (শেষ পঃ ৪-এর কঃ দঃ)

প্রধানমন্ত্রী

(১ম পঃ পর)

ধরতে পারে। তিনি আশা প্রকাশ করেন যে ধর্মঘাটী শিক্ষকরা দেশ ও শিক্ষা ক্ষেত্রে স্থিতিশীলতার বৃহত্তর স্বার্থে আমার আবেদনে সাড়া দেবেন।

প্রধানমন্ত্রী বলেন, সরকারী কলেজ শিক্ষকদের একটি অংশ কিছুকাল ধরে ধর্মঘাট করছেন। আমি ব্যক্তিগতভাবে তাঁদের অভাব-অভিযোগ সম্পর্কে তাঁদের প্রতিনিধিদের সঙ্গে আলোপ-আলোচনা করেছি। প্রধানমন্ত্রী এ ব্যাপারে নেত্রী বিভিন পদক্ষেপের উল্লেখ করেন।

তিনি বলেন, তাঁদের ধর্মঘাট চালিয়ে যাওয়ার সিদ্ধান্তের ফলে পরীক্ষার্থী ছাত্রদের অভিভাবকদের মন উদ্বেগ বৃদ্ধি পেয়েছে। বিভিন্ন কলেজে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৬ শ এবং বিশ্ববিদ্যালয়ের অধীনে আড়াই হাজার এমএ পরীক্ষার্থী রয়েছে। এ ছাড়াও সারা দেশে রয়েছে দেড় লখ এইচএসসি পরীক্ষার্থী।

শাহ আজিজ বলেন, ধর্মঘাট অব্যাহত থাকলে যথাসময়ে পরীক্ষা নেয়া সম্ভব হবে না। ফলে পরীক্ষার্থী ছাত্রদের শিক্ষা জীবন বিঘ্নিত হবে। তিনি বলেন যে তিনি অভিভাবকদের সঙ্গেও আলোপ করছেন এবং ছেলে-মেয়েদের ভবিষ্যৎ সম্পর্কে তাঁদের খুবই বিচলিত হতে দেখেছেন।

প্রধানমন্ত্রী বলেন, ধর্মঘাটী শিক্ষকদের সঙ্গে আলোপ-আলোচনার দ্বার সব সময় উন্মুক্ত থাকবে। আমি জোর দিয়ে বলতে চাই যে পে স্কুলের ব্যাপারে আপীল কমিটির সিদ্ধান্তে সরকারের সম্মতিগত সিদ্ধান্তের প্রতি ফলন ঘটেছে।